

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮২৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যোহরের সালাতের যে কিরাআতের কথা বর্ণনা করেছি, সেটা সূরা ফাতিহার পরে ছিল মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْقِرَاءَةَ الَّتِي وَصَفْنَاهَا فِي صَلَاةِ الظُّهْرِ كَانَتْ تَعْقُبُ فَاتِحَةَ الْكِتَابِ

আরবী

1828 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي عبد حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنِي عبد الله بن أبي قتادة عن أبيه قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ بِأُمِّ الْقُرْآنِ وَسُورَتَيْنِ مَعَهَا فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنْ صَلَاةِ الظُّهْرِ وَالْعَصْرِ وَيُسْمِعُنَا الْآيَةَ أَحْيَانًا وَكَانَ يطوِّل فِي الرَّكْعَةِ الْأُولَى من صلاة الظهر.

الراوي: أَبُو قَتَادَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1828 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (763)

বাংলা

১৮২৮. আবৃ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহর ও আসরের সালাতের প্রথম দুই রাকা'আতে সূরা ফাতিহা ও সাথে আরো দুটি সূরা পড়তেন, তিনি মাঝে মাঝে আয়াত আমাদের শুনাতেন, তিনি যোহরের প্রথম রাকা'আতে কিরা'আত দীর্ঘ করতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৫০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৭২; সহীহ মুসলিম: ৪৫১; দারেমী: ১/২৯৬; আবূ দাউদ: ৭৯৯; আবূ আওয়ানা: ২/১৫১; সুনান বাইহাকী: ২/৬৩; সহীহ আল বুখারী: ৭৭৬;

ইবনুল জারূদ: ১৮৭; নাসাঈ: ১/১৬৫।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন